



তথ্যবিবরণী

নম্বর: ৫৯

পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য সমবায়-ই শক্তি

-সমবায় দিবসে সংস্কৃতি প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (শনিবার, ০৪ নভেম্বর ২০২৩ খ্রি.);

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি বলেছেন, একতাই শক্তি, বৃহৎ শক্তি সঞ্চয়ের জন্য একসাথে কাজ করতে হয়। অনুরূপভাবে সমবায়ও একই জিনিস। যার মধ্যদিয়ে অনেকটা পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সহযোগিতা করা হয়। সরকার সহযোগিতার হাত বাড়িয়ে দেয় এবং সমবায়ের মাধ্যমে সবাই একতাবদ্ধ হয়ে কাজ করে।

৫২তম জাতীয় সমবায় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে শনিবার (০৪ নভেম্বর) সারা দেশের ন্যায় ময়মনসিংহের মুক্তাগাছায় আলোচনা সভা ও সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় বিভাগ কর্তৃক আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

দিবসটির তাৎপর্য তুলে ধরে প্রধান অতিথি বলেন, ব্যক্তি পর্যায়ে যারা বিভিন্ন এনজিও থেকে ঋণ নেয় তাদের ঋণের সুদের হার তুলনামূলক অনেক বেশি। সেটা পরিশোধ করতে উপকারভোগীর জন্য অনেকটাই কঠিন হয়ে পড়ে। কিন্তু সমবায়ের ক্ষেত্রে এটি আলাদা। একসাথে অনেকগুলো হাত কাজ করে বিধায় সে ধরনের কোনো সমস্যা সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকেনা। আপনাদের সহযোগিতায় আগামীতে মুক্তাগাছায় সেবামূলক একটি সমবায় সমিতি গড়তে চাই। কাজ করতে আগ্রহী এ এলাকার সবাইকে নিয়ে সমিতি গড়ার পরিকল্পনা রয়েছে। আধুনিক স্মার্ট মডেল মুক্তাগাছা গড়ার জন্য সকলের সহযোগিতায় আমরা এগিয়ে যেতে চাই।

সময়োপযোগী 'সমবয়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' স্লোগানটি এবছরের মূল প্রতিপাদ্য। সমবায় কার্যক্রমে দেশের জনগণকে সম্পৃক্তকরণ এবং এর গুরুত্ব সকল শ্রেণির মানুষের নিকট তুলে ধরার উদ্দেশ্যে জাতীয় সমবায় দিবস পালন করা হয়। প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার দেশের বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে একইসাথে দিবসটি উদযাপিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায়ের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশের সংবিধানে সমবায়কে মালিকানার ২য় খাত হিসেবে নির্ধারণ করেছিলেন।

সঞ্চয় ও ঋণে বদলে যাচ্ছে ময়মনসিংহের হাজারো মানুষের জীবন। সমবায়ের মাধ্যমে বাড়ছে এ অঞ্চলের মানুষের স্বনির্ভরতা। সঞ্চয় ও ঋণ সহায়তায় কর্মসংস্থান হয়েছে এখানকার বহু মানুষের। উপজেলার সমবায় সমিতিগুলোর মূলধনের পরিমাণও বৃদ্ধি পেয়েছে।

দিবসকে কেন্দ্র করে এ অনুষ্ঠানের মাধ্যমে মোঃ আবুল কাসেম, মোঃ নজরুল ইসলাম চৌধুরী, মোহাম্মদ সুলতান মাহমুদসহ ৩ জন সফল সমবায়ী এবং সোনালী বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, মুক্তাগাছা রূপসী বাংলা ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, মুক্তাগাছা থানা মহিলা সমবায় সমিতি লিঃ, গোয়ারী মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ, ফাইভ স্টার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, বনলতা ভোগ্যপণ্য সমবায় সমিতি লিঃ সহ মোট ৬টি সমিতিকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার একেএম লুৎফর রহমানের সভাপতিত্বে স্বাগত বক্তৃতা করেন উপজেলা সমবায় অফিসার মোঃ শফিকুল ইসলাম আকন্দ।

আলোচনায় মুক্তাগাছা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) রোমানা রিয়াজ, আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি মুক্তিযোদ্ধা মোঃ আজিজুল হক ইদু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আরব আলী, মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সমবায় দপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সমবায়ী ও বিভিন্ন সমবায় সমিতির প্রতিনিধিবৃন্দসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী/হদা/সজিব/২০২৩/১৩.৩০ ঘণ্টা